



সিরিয়ার সীমান্ত এলাকায় ইসরাইলের হামলা



সংগৃহীত ছবি

সিরিয়ার দক্ষিণাঞ্চলের দেরা প্রদেশে গোলন্দাজ হামলা চালিয়েছে ইসরাইলি বাহিনী। সীমান্তযেঁষা প্রত্যন্ত এলাকায় চালানো এ হামলায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

শুক্রবার (২২ মে) সিরিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সানা এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়, দেরা প্রদেশের পশ্চিমাঞ্চলীয় গ্রামীণ এলাকা ইয়ারমুক অববাহিকায় মারিয়া ও আবদিন গ্রামের মাঝামাঝি অঞ্চলকে লক্ষ্য করে হামলা চালানো হয়। ইসরাইলি বাহিনীর ছোড়া কামানের গোলা সীমান্তসংলগ্ন কৃষিজমি ও বনাঞ্চলে গিয়ে আঘাত হানে।

হঠাৎ এ হামলার ঘটনায় সীমান্ত এলাকার বাসিন্দাদের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক দেখা দেয়। তবে এখন পর্যন্ত কোনো হতাহত বা বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

এ ঘটনায় ইসরাইলি সামরিক বাহিনীর পক্ষ থেকে তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য পাওয়া যায়নি।

সূত্র: আনাদোলু